

নং-০৫.০০.০০০০.১৮২.২৭.০১০.২৪- ৬৫১

তারিখ : ২৮ জানুয়ারি ২০২৫
০২ জুলাই ২০২৫

প্রজ্ঞাপন

যেহেতু, মির্জা তাপসী তাবাসসুম উর্মি (১৯২৮৬), সাবেক সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট বর্তমানে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সহকারী সচিব, সাময়িক বরখাস্তকৃত), জনপ্রশাসন মন্ত্রণালয় গত ০৬ অক্টোবর ২০২৪ তারিখে নিজ ফেইসবুকে এক স্ট্যাটাসের মাধ্যমে অন্তর্বর্তী সরকার ও মাননীয় প্রধান উপদেষ্টার বক্তব্য নিয়ে বিতর্কিত মন্তব্য করায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগে বিভাগীয় মামলার সিদ্ধান্ত গ্রহণপূর্বক তাকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের শৃঙ্খলা-৩ শাখার ০৭.১০.২০২৪ তারিখের ১১৩১ নং প্রজ্ঞাপনমূলে সাময়িক বরখাস্ত করা হয়; এবং

২। যেহেতু, মির্জা তাপসী তাবাসসুম উর্মি (১৯২৮৬)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে তাকে কারণ দর্শানোর নির্দেশ প্রদান করা হয় এবং আত্মপক্ষ সমর্থনে তিনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণে আগ্রহী কিনা তাও লিখিত জবাবে উল্লেখ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়; এবং

৩। যেহেতু, মির্জা তাপসী তাবাসসুম উর্মি (১৯২৮৬) নিরাপত্তার কারণে ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ সম্ভব নয় মর্মে উল্লেখ করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর পরিপ্রেক্ষিতে লিখিত জবাব দাখিল করেন এবং দাখিলকৃত জবাব কর্তৃপক্ষ কর্তৃক গ্রহণযোগ্য না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(২)(ঘ) এর আলোকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

৪। যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন অনুযায়ী মির্জা তাপসী তাবাসসুম উর্মি (১৯২৮৬)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী আনীত 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার বিধি ৪(৩) অনুযায়ী গুরুদণ্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয় এবং সে পরিপ্রেক্ষিতে একই বিধিমালার বিধি ৭(৯) অনুযায়ী কেন তাকে চাকরি হতে বরখাস্তকরণ বা অন্য যথোপযুক্ত গুরুদণ্ড প্রদান করা হবে না সে মর্মে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রেরণ করা হলে তিনি নির্দিষ্ট সময়ের মধ্যে জবাব দাখিল করেন; এবং

৫। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত প্রথম কারণ দর্শানোর জবাব, তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন, অভিযুক্তের দ্বিতীয় কারণ দর্শানোর জবাব, পারিপার্শ্বিকতা এবং বিভাগীয় মামলার নথি পর্যালোচনান্তে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে একই বিধিমালার বিধি ৪(৩)(ঘ) অনুযায়ী 'চাকরি হতে বরখাস্তকরণ' সূচক গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় এবং এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনকে পরামর্শ প্রদানের জন্য অনুরোধ করা হলে কমিশন 'চাকরি হতে বরখাস্তকরণ' সূচক গুরুদণ্ড প্রদানে কর্তৃপক্ষের প্রস্তাবের সাথে একমত পোষণ করে পরামর্শ প্রদান করে; এবং

৬। যেহেতু, মির্জা তাপসী তাবাসসুম উর্মি (১৯২৮৬)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(ঘ) অনুযায়ী 'চাকরি হতে বরখাস্তকরণ' সূচক গুরুদণ্ড প্রদানের বিষয়টি মহামান্য রাষ্ট্রপতি সানুগ্রহ অনুমোদন করেছেন;

৭। সেহেতু, মির্জা তাপসী তাবাসুসুম উর্মি (১৯২৮৬), সাবেক সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট, বর্তমানে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সহকারী সচিব, সাময়িক বরখাস্তকৃত)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার বিধি ৪(৩)(ঘ) অনুযায়ী তাকে 'চাকরি হতে বরখাস্তকরণ' সূচক গুরুদণ্ড প্রদান করা হলো।

৮। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে



ড. মো: মোখলেস উর রহমান
সিনিয়র সচিব

নং-০৫.০০.০০০০.১৮২.২৭.০১০.২৪-১৮২

তারিখ: ১৮-৩-২০২৫
০২ জুলাই ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা;
২. সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা/সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা;
৩. অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (আইন/এপিডি/সংস্কার ও গবেষণা/সিপিটি/সংগঠন ও ব্যবস্থাপনা/প্রশাসন/শৃঙ্খলা ও তদন্ত/বিধি অনুবিভাগ), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪. বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর;
৫. যুগ্মসচিব (মোপ্র/অনি ও ননি/উনি/শৃঙ্খলা-১/শৃঙ্খলা-২/সিআর/পিএসিসি অধিশাখা), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৬. উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো);
৭. জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট।
৮. উপসচিব/সিনিয়র সহকারী সচিব (শৃঙ্খলা-১/শৃঙ্খলা-২/শৃঙ্খলা-৪/শৃঙ্খলা-৫/মাঠ প্রশাসন-১/মাঠ প্রশাসন-২/অভ্যন্তরীণ নিয়োগ/উনি-১/উনি-২ শাখা), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৯. সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
১০. মির্জা তাপসী তাবাসুসুম উর্মি (পরিচিতি নং-১৯২৮৬), সাবেক সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট, বর্তমানে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সহকারী সচিব, সাময়িক বরখাস্তকৃত), জনপ্রশাসন মন্ত্রণালয় (স্থায়ী ঠিকানা: পিতা- মো: ইসমাইল হোসেন, ১৬১/১, জেল রোড, কাশর, ময়মনসিংহ-২২০০);
১১. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, জনপ্রশাসন মন্ত্রণালয়, হিসাব ভবন (নিচতলা), সেগুনবাগিচা, ঢাকা;
১২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ এবং সংশ্লিষ্ট কর্মকর্তার পিডিএস-এ অন্তর্ভুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো);
১৩. হিসাবরক্ষণ কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা; এবং
১৪. অফিস কপি/মাস্টার কপি।



মর্তুজা আল-মুঈদ
সিনিয়র সহকারী সচিব
ফোন: ২২৩৩৫৪০৮১
dis3@mopa.gov.bd